# উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন

## উপজেলা-কলাপাড়া, জেলা-পটুয়াখালী

### পরিকল্পনা প্রণয়নে

**উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, কলাপাড়া, পটুয়াখালী**

### সমন্বয়ে

Muslim Aid
Serving Humanity

জুলাই ২০১৪

### সার্বিক সহযোগিতায়

কম্প্রিহেন্সিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি ২)
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

UKaid from the British people | European Union | NORWEGIAN EMBASSY | SWEDEN | Australian Aid | UNDP Empowered lives. Resilient nations.

# কৃতজ্ঞতা স্বীকারপত্র

উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন প্রতিবেদন সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ দলিল। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সহযোগিতায়, সিডিএমপি-ইউএনডিপি এর অর্থায়নে এবং মুসলিম এইড এর বাস্তবায়নে পটুয়াখালী জেলার আওতাধীন কলাপাড়া উপজেলার দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন প্রতিবেদনের কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। উক্ত প্রতিবেদনটি অতি অল্প সময়ের মধ্যেই কলাপাড়া উপজেলার উপজেলা তথ্য বাতায়নে সংযুক্ত করা হবে। উক্ত প্রতিবেদনটির কাজ সেপ্টেম্বর, ২০১৩ সালে শুরু হয়ে আগষ্ট, ২০১৪ সালে উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সর্বসম্মতিক্রমে পূর্নরুপ অর্জন করে। প্রয়োজন অনুযায়ী উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি সভার মাধ্যমে উক্ত প্রতিবেদনটিতে সংযোজন ও বিয়োজনের কাজ করতে পারবেন। আমার প্রত্যাশা উক্ত প্রতিবেদনটি কলাপাড়া উপজেলার আপামর জনসাধারণের দুর্যোগ ব্যবস্থাপনার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করবে। উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন প্রতিবেদন তৈরির ক্ষেত্রে কলাপাড়া উপজেলার সংশ্লিষ্ট সরকারী কর্মকর্তাবৃন্দ, ইউনিয়ন পরিষদ ও মুসলিম এইড এর সকল কর্মকর্তাবৃন্দকে আমি আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপনসহ কৃতজ্ঞতা প্রকাশ করছি।

১৭.৯.২০১৪

---

(মোঃ জাহাঙ্গীর হোসেন)
উপজেলা নির্বাহী কর্মকর্তা
কলাপাড়া, পটুয়াখালী।

# উপজেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন

## উপজেলা-কলাপাড়া, জেলা-পটুয়াখালী

# সূচীপত্র


| | |
|---|---|
| প্রথম অধ্যায়: স্থানীয় এলাকা পরিচিতি | ৭-৩০ |
| ১.১ পটভূমি | ৭ |
| ১ ২ পরিকল্পনার মূল উদ্দেশ্য | ৭ |
| ১.৩ স্থানীয় এলাকা পরিচিতি | ৮ |
| ১.৩.১ জেলা / উপজেলার ভৌগলিক অবস্থান | ৮ |
| ১.৩ ২ আয়তন | ৯ |
| ১.৩.৩ জনসংখ্যা | ১০ |
| ১.৪. অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্যগুলোর সংক্ষিপ্ত ভাবে বর্ননা থাকতে হবে | ১১ |
| ১.৪.১ অবকাঠামো | ১১ |
| ১.৪.২ সামাজিক সম্পদ | ১৮ |
| ১.৪.৩ আবহাওয়া ও জলবায়ু | ২৮ |
| ১.৪.৪ অন্যান্য | ৩০ |

| | |
|---|---|
| দ্বিতীয় অধ্যায়: দুর্যোগ, আপদ এবং বিপদাপন্নতা | ৩৬-৬৮ |
| ২.১ দুর্যোগের সার্বিক ইতিহাস | ৩৬ |
| ২.২ জেলা/উপজেলার আপদসমুহ | ৪০ |
| ২.৩ বিভিন্ন আপদ ও তার বর্তমান ভবিষ্যৎ চিত্র বর্ননা | ৪০ |
| ২.৪ বিপদাপন্নতা ও সক্ষমতা | ৪২ |
| ২.৫ সর্বাধিক বিপদাপন্ন এলাকা | ৪৫ |
| ২.৬ উন্নয়ন পরিকল্পনার প্রধান খাতসমুহ | ৪৭ |
| ২.৭ সামাজিক মানচিত্র | ৫৬ |
| ২.৮ আপদ ও ঝুঁকি মানচিত্র | ৫৭ |
| ২.৯ আপদের মৌসুমী দিনপঞ্জি | ৫৮ |
| ২.১০ জীবিকার মৌসুমী দিনপঞ্জি | ৫৮ |
| ২.১১ জীবন এবং জীবিকা সম্পর্কিত বিপদাপন্নতা | ৫৯ |
| ২.১২ খাত ভিত্তিক আপদ ও ঝুঁকির বর্ননা | ৫৯ |
| ২.১৩ জলবায়ু পরিবর্তন এবং তার সম্ভাব্য প্রভাব | ৬৮ |

| | |
|---|---|
| তৃতীয় অধ্যায়: দুর্যোগ ঝুঁকিহ্রাস | ৭৭-১১৫ |
| ৩. ১ ঝুঁকির কারণ সমূহ চিহ্নিত করণ | ৭৭ |
| ৩.২ ঝুঁকি নিরসনের উপায় চিহ্নিত করণ | ৯১ |
| ৩.৩ এনজিওদের উন্নয়ন পরিকল্পনা | ১০৩ |

| | |
|---|---|
| ৩.৪ দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা | ১০৭ |
| ৩.৪.১ দুর্যোগ পূর্ব প্রস্তুতি | ১০৭ |
| ৩.৪.২ দুর্যোগ কালীন | ১১১ |
| ৩.৪.৩ দুর্যোগ পরবর্তী | ১১২ |
| ৩.৪.৪ স্বাভাবিক সময়ে/ ঝুঁকিহ্রাস সময় | ১১৫ |

| চতুর্থ অধ্যায়: জরুরী সাড়াপ্রদান | ১১৯-১৩৪ |
|---|---|
| ৪.১ জরুরী অপারেশন সেন্টার (EOC) | ১১৯ |
| ৪.১.১ জরুরী কন্ট্রোলরুম পরিচালনা | ১১৯ |
| ৪.২ আপদকালীন পরিকল্পনা | ১২১ |
| ৪.২.১ স্বেচ্ছাসেবকদের প্রস্ততত রাখা | ১২৪ |
| ৪.২.২ সতর্কবার্তা প্রচার | ১২৪ |
| ৪.২.৩ জনগণকে অপসারণের ব্যবস্থাদি | ১২৪ |
| ৪.২.৪ উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা প্রদান | ১২৪ |
| ৪.২.৫ আশ্রয়কেদ্র রক্ষনাবেক্ষন | ১২৫ |
| ৪.২.৬ নৌকা প্রস্ততত রাখা | ১২৫ |
| ৪.২.৭ দূর্যোগের ক্ষয়ক্ষতি চাহিদা নিরুপন ও প্রতিবেদন প্রেরণঃ | ১২৫ |
| ৪.২.৮ ত্রান কার্যক্রম সমন্বয় করা | ১২৫ |
| ৪.২.৯ শুকনা খাবার, জীবনরাক্ষাকারী ঔষধ সংগ্রহ ও প্রস্ততরাখা | ১২৬ |
| ৪.২.১০ গবাদী পশুর চিকিৎসা/টিকা | ১২৬ |
| ৪.২.১১ মহড়ার আয়োজন করা | ১২৬ |
| ৪.২.১২ জরুরী কন্ট্রোল রুম (EOC) পরিচালনা | ১২৭ |
| ৪.২.১৩ আশ্রয়কেন্দ্র / নিরাপদ স্হানসমুহ | ১২৭ |
| ৪.৩ জেলা/উপজেলার নিরাপদ স্থান সমুহের তালিকা ও বর্ননা | ১২৭ |
| ৪.৪ আশ্রয় কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির গঠন | ১২৭ |
| ৪.৫ জেলা/উপজেলার সম্পদের তালিকা (যা দুর্যোগ কালে ব্যবহৃত হতে পারে) | ১২৯ |
| ৪.৬ অর্থায়ন | ১৩০ |
| ৪.৭ কর্মপরিকল্পনা হালনাগাদকরণ ও পরীক্ষাকরণ | ১৩৪ |

| পঞ্চম অধ্যায়: উদ্ধার ও পূণর্বাসন পরিকল্পনা | ১৩৭-১৪৩ |
|---|---|
| ৫.১ ক্ষয়ক্ষতি ও মূল্যায়ণ | ১৩৭ |
| ৫.২ দ্রুত/আগাম পুনরুদ্ধার | ১৪১ |
| ৫.২.১ প্রশাসনিক পুনঃপ্রতিষ্ঠা | ১৪২ |
| ৫.২.২ ধ্বংসাবশেষ পরিষ্কার | ১৪২ |
| ৫.২.৩ জনসেবা পুনরারম্ভ | ১৪৩ |
| ৫.২.৪ জরুরী জীবিকা সহায়তা | ১৪৩ |

| সংযুক্তি | ১৪৫-২০০ |
| --- | --- |
| সংযুক্তি ১: উপজেলা/ ইউনিয়নে সরকারী, বে-সরকারী, প্রাথমিক, উচ্চ বিদ্যালয়, মাদ্রাসা, কলেজ, পাঠাগার ইত্যাদির সংক্ষিপ্ত বর্ননা | ১৪৫ |
| সংযুক্তি ২: উপজেলার নিরাপদ স্থান সমূহের তালিকা | ১৬১ |
| সংযুক্তি ৩: আশ্রয়কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির তালিকা | ১৭৯ |
| সংযুক্তি ৪: আপদকালীন পরিকল্পনা বাস্তবায়নের চেকলিষ্ট | ১৮৪ |
| সংযুক্তি ৫: উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি | ১৮৬ |
| সংযুক্তি ৬: ইউনিয়নের সেচ্ছাসেবকদের তালিকা | ১৮৮ |
| সংযুক্তি ৭: অগ্নি নিরাপত্তা কমিটি, ইঞ্জিন চালিত নৌকা, স্থানীয় ব্যবসায়ী | ১৯২ |
| সংযুক্তি ৮: একনজরে এক নজরে কলাপাড়া উপজেলা | ১৯৪ |
| সংযুক্তি ৮: বাংলাদেশ বেতারে প্রচারিত কয়েকটি গুরুত্বপূর্ন অনুষ্ঠানসূচী | ২০০ |

# প্রথম অধ্যায়: স্থানীয় এলাকা পরিচিতি

## ১.১ পটভুমি

দুর্যোগের স্থায়ী আদেশবলীতে ঝুঁকি হ্রাস ও কন্টিনজেন্সী পরিকল্পনাকে অন্তভুক্ত করে জেলা, উপজেলা, পৌরসভা ও সিটি কর্পোরেশন পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কমপরিকল্পনা প্রণয়নের সুপারিশ করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা কমপরিকল্পনা বিষয়টি সিডিএমপি খুবইগুরুত্বের সাথে নিয়েছে। পরিকল্পনার স্থায়ীত্বশীলতা ও কাযকারীতা, নিবিড় ও ফলাফল ধর্মীকম পদ্ধতি, সংশ্লিষ্ট সংগঠন, প্রতিষ্ঠানের ও জনগনের অংশ গ্রহণের উপরে নিভরশীল। দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি ৩-৫ বছরের জন্য প্রণয়ন করা হবে।

বাংলাদেশ বিশ্বের মানচিত্রে একটি দুর্যোগ প্রবণ দেশ। এদেশের প্রতিটি জেলাই কম-বেশি দুর্যোগে আক্রান্ত হয়। ***এ জেলা গুলোর মধ্যে পটুয়াখালী জেলা অন্যতম। পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলা একটি অত্যন্ত দুর্যোগ ঝুঁকি প্রবণ এলাকা।*** ভৌগলিক অবস্থান ও আবহাওয়া জনিত কারণে স্থান ভেদে এ জেলাতে প্রতি বছর বন্যা, অতিবৃষ্টি, ঘূর্ণিঝড়, খরা, শৈত্যপ্রবাহ, ঘুর্ণিঝড়/টর্নেডো, জলোচ্ছ্বাস, লবণাক্ততা, আর্সেনিকদূষণ, কালবৈশাখীর মত নানা ধরনের প্রাকৃতিক আপদ আঘাত হানে। অবস্থান গত কারণে ঘূর্ণিঝড় এ জেলার জন্য একটা বড় আপদ। অন্যদিকে নদী মাতৃক দেশ হওয়ায় প্রায় প্রতি বছর বন্যা ও নদী ভাঙ্গনে এ জেলাতে কম বেশী কোন না কোন ভাবে আক্রান্ত হয়ে থাকে| এছাড়াও মানব সৃষ্ট বিভিন্ন আপদ, যেমন বৃক্ষ/প্যারাবননিধন, অগ্নিকান্ড প্রভৃতি মানব জীবনকে প্রতিনিয়ত আতঙ্ক গ্রস্তকরে রাখে। এ জেলার কলপাড়া উপজেলা অত্যন্ত ঝুঁকি প্রবণ এলাকা। প্রতি ইউনিয়ন প্রায় সারা বছর ঘূর্ণিঝড় ছাড়া ও লবনাক্ততা, জলাদ্ধতা, আকাশবন্যা ও জলোচ্ছাস জনসাধারনের জীবন/জীবিকার উপরে বিরূপ প্রভাব ফেলে। প্রতি বছর দুর্যোগে আক্রান্ত হলে ও বিগত সময়ে দুর্যোগ প্রতিরোধ বা দুর্যোগ ঝুঁকি হ্রাস করা এবং মানুষের জীবন ও সহায় সম্পদের ক্ষয়ক্ষতি কমানোর জন্য উপজেলা পর্যায়ে কোন সুদুর প্রসারী কমপরিকল্পনার কোন প্রতিফলন দেখা যায়নি। সেদিক বিবেচনা করে সার্বিক দুর্যোগ ব্যবস্থাপনার অংশ হিসেবে এই দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনাটি কলাপাড়া উপজেলার জন্য প্রণয়ন করা হয়েছে।

## ১.২ পরিকল্পনার মুল উদ্দেশ্য

- পরিবার ও সমাজ পর্যায়ে দুর্যোগ ঝুঁকি সম্বন্ধেগন সচেতনতা সৃষ্টি ও সকল প্রকার ঝুঁকি হ্রাস করণে পরিবার, সমাজ, ইউনিয়ন, প্রশাসন, উপজেলা ও জেলা প্রশাসন পর্যায়ে বাস্তব সম্মত উপায় উদ্ভাবন করা।
- স্থানীয় উদ্যোগে যথাসম্ভব স্থানীয় সম্পদ ব্যাবহারের মাধ্যমে ঝুঁকি হ্রাস করন ও ব্যবস্থাদির বাস্তবায়ন পদ্ধতির উন্নয়ন সাধন করা।
- অপসারন, উদ্ধার, চাহিদা নিরুপন ত্রাণ ও তাৎক্ষণিক পুণবাসন ব্যাবস্থাথার জন্য স্থানীয় ভাবে প্রণীত পরিকল্পনার অনুশীলন ও প্রয়োগ।
- একটি নির্দিষ্ট এলাকা এবং নির্দিষ্ট সময়ের জন্য কৌশলগত দলিল তৈরী করা।

- দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও সংশ্লিষ্ট সেক্টরের (সরকারী, আন্তর্জাতিক ও জাতীয় এনজিও, দাতা ইত্যাদি) জন্য একটি সার্বিক পরিকল্পনা হিসেবে কাজ করবে।
- দুর্যোগ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট অংশীদারদের পরিকল্পনা প্রনয়ণে ও বাস্তবায়নে নির্দেশনা প্রদান করে।
- সংশ্লিষ্ট কমিউনিটির দুর্যোগ পরিকল্পনায় আন্তরিক অংশগ্রহণ ,কাযকর অংশীদারত্ব ও মালিকানা বোধ জাগ্রত করা।

## ১.৩ স্থানীয় এলাকা পরিচিতি

### ১.৩.১ উপজেলার ভৌগলিক অবস্থান:

কলাপাড়া বাংলাদেশের পটুয়াখালী জেলার অন্তর্গত একটি উপজেলা। উপজেলা শহর খেপুপাড়া নামে ও পরিচিত। ইহা ২১.৯৮৬১ক্ক উত্তর এবং ৯০.২৪২২ক্ক পূর্ব স্থানাঙ্কে আবস্থিত। এর আয়তন 492.102 বর্গকিলোমিটার। উত্তর ও পশ্চিমে আমতলী উপজেলা, পূর্বে রাবনাবাদ চ্যানেল ও গলাচিপা উপজেলা এবং দক্ষিণে বঙ্গোপসাগর অবস্থিত। বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তর সমুদ্র সৈকত কুয়াকাটা এই উপজেলায় অবস্থিত। জেলা শহর থেকে কুয়াকাটা সমুদ্র সৈকতের দূরত্ব প্রায় ৭০.৫০ কিলোমিটার। একই স্থানে দাঁড়িয়ে সূর্যোদয় ও সূর্যাস্তের দৃশ্য দেখার বিরল সুযোগ থাকায় কুয়াকাটা বিশ্বের অন্যতম পর্যটন কেন্দ্রে পরিণত হয়েছে। বাঙালী সংস্কৃতির পাশাপাশি আদিবাসী রাখাইন সম্প্রদায়ের সাংস্কৃতিক ঐতিহ্য এ উপজেলাকে আরও বেশী বৈচিত্র্যময়, আকর্ষণীয় ও সমৃদ্ধ করে তুলেছে।১৯০৬ সালে কলাপাড়া থানা গঠিত হয় এবং থানা কে উপজেলায় রূপান্তর করা হয় ১৯৮৩ সালে। কলাপাড়া উপজেলা মোট ১২টি ইউনিয়ন ২টি পৌরসভা নিয়ে গঠিত। ইউনিয়নের নাম হলো- চাকামইয়া, টিয়াখালী, লালুয়া, মিঠাগঞ্জ, নীলগঞ্জ, মহিপুর, লতাচাপলী, ধানখালী, ধুলাসার, বালিয়াতলী, ডালবুগঞ্জ ও চম্পাপুর এবং পৌরসভার নাম হল কলাপাড়া ও কুয়াকাটা। কলাপাড়ার একটি সমৃদ্ধ ইতিহাস রয়েছে। বাংলাদেশের সমবায় আন্দোলনের শুরুরদিককার উপজেলা কলাপাড়া। সমবায়ের মাধ্যমে কলাপাড়া বৃটিশ আমলে প্রতিষ্ঠিত হয়েছে এশিয়ার বৃহত্তম বায়ুচালিত ধান ভাঙানো কল। আরো গড়ে উঠেছে তেলকল, ম্যাচ ফ্যাক্টরি, ছাপাখানা, সিনেমা হল, সমবায় মার্কেট ও আরো অনেক কিছু। সমবায় আন্দোলন এখন ঝিমিয়ে পড়েছে। কলাপাড়ায় দেশের চারটি রাডার স্টেশনের একটি অবস্থিত।

১৯76 সালে কলাপাড়ায় বিদ্যুৎ পৌঁছে। টেলিফোন সুবিধাও পৌঁছে গেছে একই সময়ে। বাংলাদেশের চারটি ইলিশ প্রজনন ক্ষেত্রের একটি কলাপাড়ার আন্ধার মানিক নদীর মোহনায় অবস্থিত| কলাপাড়া মৎস্য বন্দর হিসেবে ও খ্যাত। ইহা জেলা শহর থেকে প্রায় ৫০ কিলোমিটার দুরত্বে অবস্থিাত| (www.unokalapara.gov.bd)

## ১.৩.২ আয়তন

কলাপাড়া উপজেলা আয়তন 492.102 বর্গকিলোমিটার| উক্ত উপজেলায় 12টি ইউনিয়নের ও ০২ পৌরসভার মৌজার নাম প্রদান করা হলো:

| উপজেলা | ইউনিয়নের নাম | মৌজার সংখ্যা | ইউনিয়ন ভিত্তিক মৌজার নাম |
|---|---|---|---|
| কলাপাড়া | চাকামইয়া | ০৫ | আনিপাড়া, চাকামইয়া, গামরবুনিয়া,চাকামইয়া- নিশানবাড়ীয়া। |
| | টিয়াখালী | ০৫ | বাদুরতলী, ইটবাড়ীয়া, খেপুপাড়া, রজপাড়া, টিয়াখালী। |
| | লালুয়া | ০৫ | বানাতিপাড়া, চান্দুপাড়া, গোলবুনিয়া, লালুয়া, নয়াকাটা। |
| | মিঠাগঞ্জ | ০৩ | মধুখালী, মিঠাগঞ্জ, তেগাছিয়া। |
| | নীলগঞ্জ | ০৭ | হাজিপুর, কুমিরমারা, নবীপুর, নীলগঞ্জ, সোনাতলা, টুঙ্গিবাড়ীয়া, উমেদপুর। |
| | মহিপুর | ০৩ | নিজামপুর, শিববাড়ীয়া, ইউসুফপুর, |
| | লতাচাপলি | ০১ | লতাচাপলি |
| | ধানখালী | ০৬ | ধানখালী, লোন্দা, পাঁচজোনিয়া, নিশানবাড়ীয়া, মধুপাড়া, চরনিশানবাড়ীয়া। |
| | ধুলাসার | ০৫ | বোলতলী, চরচাপলি, ধুলাসার, গঙ্গামতি, কাউয়ারচর। |
| | বালিয়াতলী | ০৯ | বড় বালিয়াতলি, চরবালিয়াতলি চরের সাদ, চরহাবিব, চরনাজির, ছোটবালিয়াতলি, লেসুপাড়া, সোনারপাড় |
| | ডালবুগঞ্জ | ০৩ | ডালবুগঞ্জ, হরেন্দ্রপুর, মনসাতলি। |
| | চম্পাপুর | ০৭ | বিনামকাটাদিয়া, চালিতাবুনিয়া, দেবপুর, গোলবুনিয়া, কৃষ্ণপুর, মাচুয়াখালী, পাটুয়া। |
| | কলাপাড়া পৌরসভা | ২২ | নাচনাপাড়া, খেপুপাড়া অফিস মোহল্লা, নতুন বাজার, পুরান বাজার, রহমতপুর, এতিমখানা, চিতবুনিয়া, আকরাবাড়িয়া, কাটপট্রি, কুলারপট্রি, নাইয়াপট্রি, পশু হাসপাতাল রোড, পুরান স্টিমার ঘাট, ইসলামপুর, মাদ্রাসা রোড, উপজেলা অফিস কলেজ রোড (অংশ), মঙ্গলসুখ রোড, মুসলিম পাড়া সবুজ বাগ, বাদুরতলি, বড় শিকদারবাড়ি, কলেজরোড, শান্তিবাগ। |

| | | | |
|---|---|---|---|
| | কুয়াকাটা পৌরসভা | ২০ | দক্ষিণ-খাজুরা, মংসয়পাড়া, পশ্চিম-কুয়াকাটা, শরিফপুর, দক্ষিণ-কুয়াকাটা, পুরানপাড়া, কেরানিপাড়া, শরিয়াতপুর, পাঞ্জুপাড়া, পঞ্চায়েতপাড়া, মেলাপাড়া, পূর্ব-কুয়াকাটা, মুক্তিযোদ্ধা মোঃ উল্লাহ সড়ক, পশ্চৎখালী, তুলাতলি, মুসল্লিবাদ অংশ, নবীনপুর, আব্দুল মান্নান ভূইয়া সড়ক, মৌলভি মেনহাজ উদ্দিন সড়ক, হোসেনপুর, |
| মোট | ১৪ | ১০১ | |

*Source: Upazila Statistics Department, Kalapara.*

### ১.৩.৩ জনসংখ্যা

কলাপাড়া উপজেলা মোট জনসংখ্যা ২,৩৭,৮৩১ জন (দুই লক্ষ সাইত্রিশ হাজার আট শত একত্রিশ)। যার মধ্যে পুরুষ ১,২০,৫১৪ (এক লাক্ষ বিশ হাজার পাঁচ শত চৌদ্দ) জন, মহিলা-১,১৭,৩১৭ (এক লাক্ষ সতের হাজার তিন শত সতের) জন, শিশু ৫৫,৪৮৫ (পঁচাশি হাজার চার শত পঁচাশি ) জন, বৃদ্ধ ২৪,৭৩২ ( চব্বিশ হাজার সাত শত বত্রিশ ) জন এবং প্রতিবন্ধি- ১,৯২১ (এক হাজার নয় শত একুশ) জন । এই উপজেলায় মোট পরিবার সংখ্যা ৫৭,৫২৫ (সাতান্ন হাজার পাঁচ শত পঁচিশ) এবং মোট ভোটার সংখ্যা প্রায় ১,৫১,৯৯৬ ( এক লাক্ষ একান্ন হাজার নয় শত ছিয়ানব্বই) জন। নিম্নে ছকের মাধ্যমে ইউনিয়ন ভিত্তিক বিভিন্ন স্তরের জনসংখ্যা দেখানো হলো:

| ইউনিয়ন | জনসংখ্যা | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | পুরুষ | মহিলা | শিশু (০-১৫) | বৃদ্ধ (৬০+) | প্রতিবন্ধি | মোট জনসংখ্যা | পরিবার / খানা | ভোটার |
| টিয়াখালী | ৭২১৩ | ৭১২৯ | ২১৩৪ | ১৪৫৩ | ১৩৩ | ১৪৩৪২ | ৩৫৬৫ | ৯৬৮৯ |
| নীলগঞ্জ | ১৪১৬৩ | ১৪৮৫৬ | ৬২৭৫ | ২৪৬৫ | ২১২ | ২৯০১৯ | ৭২৮২ | ১৯০৬৪ |
| লালুয়া | ৮৫১০ | ৮২২০ | ২৯০২ | ১৮১১ | ১৭৩ | ১৬৭৩০ | ৪০৬৬ | ১০৩৩০ |
| মিঠাগঞ্জ | ৫৭৮৯ | ৫৭৯৮ | ১৭৪২ | ১৯৭৫ | ১১২ | ১১৫৮৭ | ২৮৮৪ | ৭৭৪১ |
| চাকামইয়া | ৮১৫৭ | ৮৩১৫ | ৩২৬৫ | ১৭৬৬ | ৫৬ | ১৬৪৭২ | ৪৯৭৪ | ১১৪৯৭ |
| মহিপুর | ১১৫৮৬ | ৯৩০০ | ৫২৩৪ | ২০৮৯ | ২৪৫ | ২০৮৮৬ | ৪৩২১ | ১১৯৫৫ |
| লতাচাপলি | ১৩৩২৭ | ১২৫৯৮ | ৬৭৮৯ | ২১৫৪ | ১৭৪ | ২৫৯২৫ | ৫৮৭২ | ১৫৬৯৮ |
| ধানখালী | ৭৮৪৫ | ৭৮৫২ | ৩১৭৮ | ১১০৯ | ১৮৯ | ১৫৬৯৭ | ৩৭৯১ | ১০৯৫০ |
| ধুলারসার | ৯১৮৯ | ৯০৫৪ | ৫৩৭৭ | ১৯৫৫ | ১৭৭ | ১৮২৪৩ | ৩৯৭৪ | ১১৩৯০ |
| বালিয়াতলী | ৭৯৪৮ | ৮৩৪৪ | ৪৯৮৮ | ১৬৪৫ | ৯৪ | ১৬২৯২ | ৪০৫০ | ১০৭১১ |
| ডালবুগঞ্জ | ৫২৮০ | ৫৬৪১ | ২৭৯৮ | ১৩২২ | ৭৪ | ১০৯২১ | ৩০১৯ | ৭৪০৩ |
| চম্পাপুর | ৭৫৭৭ | ৭৬৩১ | ২৮৭৭ | ১৮৬৭ | ৬৯ | ১৫২০৮ | ৩৩১৫ | ৯৬৭৪ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| কলাপাড়া পৌরসভা | ৮৮৮৭ | ৮৪৪৫ | ৫৩২১ | ১১৩৪ | ৬১ | ১৭৩৩২ | ৪৩৪৭ | ১০৩৭৬ |
| কুয়াকাটা পৌরসভা | ৫০৪৩ | ৪১৩৪ | ২৬০৫ | ১৯৮৭ | ১৫২ | ৯১৭৭ | ২০৬৫ | ৫৫১৮ |
| **মোট** | ১,২০,৫১৪ | ১,১৭,৩১৭ | ৫৫,৪৮৫ | ২৪,৭৩২ | ১,৯২১ | ২,৩৭,৮৩১ | ৫৭,৫২৫ | ১,৫১,৯৯৬ |

***Source: Upazila Statistics and Election Commission Department, Kalapara, Patuakhali***

## ১.৪ অবকাঠামো ও অ-অবকাঠামো সংক্রান্ত তথ্য

### ১.৪.১ অবকাঠামো

- **বাঁধ:** কলাপাড়া **বন্যা ও জোয়ারের পানি প্রবেশ প্রতিরোধ করার জন্য নদী ও খালের তীরবর্তী অঞ্চলে ছোট বড় মিলে** বাঁধ রয়েছে। উক্ত বাধ গুলোর সবমোট দৈর্ঘ্য ৪২০ কিঃমি এবং বাঁধের গড় উচ্চতা ৭ ফুট ।

নিম্নে ইউনিয়ন ভিত্তিক বাঁধের সংখ্যা ও অবস্থানের পরিসংখ্যান প্রদান করা হলো:

- মহিপুর ইউনিয়ন: বঙ্গোপসাগর থেকে সৃষ্টি হওয়া বড় আন্ধার মানিক নদী, এর পাড় ঘেষে মহিপুর গোড়া খাল হতে হাজিপুর ফেরি ঘাট পর্যন্ত মোট ১৯ কি:মি কাঁচা ও পাঁকা বেরিবাঁধ রয়েছে। এই বেরিবাঁধটি বহুলপরিচিত মহিপুর বাজার, শিক্ষা প্রতিষ্ঠান, জনসংখ্যাকে রক্ষা করে আসছে।
- চাকামাইয়া ইউনিয়ন: চাকামাইয়া ইউনিয়কে ১২ কি:মি: কাচা বাঁধ দ্বারা পরিবৃষ্ঠ।
- টিয়াখালী ইউনিয়ন: কলাপাড়া ফেরি ঘাট হতে নাচনাপাড়া বঙ্গবন্ধু কলোনি হয়ে কলাপাড়া চৌরাস্তা পর্যন্ত মোট ০৮ কি:মি: পাকা ও কাচা বেরিবাঁধ রয়েছে। যার উচ্চতা ০৭ফিট।
- ডালবুগঞ্জ ইউনিয়ন: ভারানি নদীর পাড় ঘেঁষে বুধবারিয়া বাজার হতে ফুলবুনিয়া পর্যন্ত কাঁচা ৩৬ কি:মি: বাঁধ আছে। এছাড়া খাপড়াভাঙ্গা নদী হয়ে ভরানি এবং ফুলবুনিয়া নদীর পশ্চিম পাড় ঘেষে ০১ কি:মি: পাকা ও ২৭ কি:মি: কাচা বাঁধ আছে।
- লতাচাপলি ইউনিয়ন: খপড়াভাঙ্গা নদীর পার ঘেঁষে প্রায় ২৮ কি:মি: পাকা বাঁধ আছে। ইউনিয়নের দক্ষিন পাশে বঙ্গোপসাগরের কোল ঘেঁষে ঝুঁকিপূর্ণ ৩৭ কি:মি: বাঁধ আছে।
- নীলগঞ্জ ইউনিয়ন: আন্ধার মানিক নদীর দক্ষিন পাঁর্শ্বে ২৯ কি:মি: পাকা ও কাচা বাঁধ আছে। যা নীলগঞ্জ ইউনিয়নকে লবনাক্ত পানির হাত থেকে রক্ষা করে থাকে।
- কলাপাড়া পৌরসভা: কলাপাড়া ফেরি ঘাট হতে বালিয়াতলী খেয়া ঘাট পর্যন্ত আন্ধার মানিক নদীর উত্তর পাড় ঘেষে প্রায় ০৬ কি:মি পাকা বেরিবাঁধ আছে যার উচ্চাতা প্রায় ০৭ ফিট। এই বেরিবাঁধটি কলাপাড়ার প্রাণকেন্দ্র, কলাপাড়া পৌরসভা, উপজেলা পরিষদ, থানা, ডাকঘর, বাজার, শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদি রক্ষা করে থাকে।

- <u>ধুলারসার ইউনিয়ন:</u> চাপলি নদীর পাড়ে ২২ কি:মি: ও দক্ষিন চর চাপলি সমুদ্র পাড় হতে খজুরা লতাচাপলি পর্যন্ত মোট ০৬ কি:মি: গোলকার বাঁধ আছে।
- <u>মিঠাগঞ্জ ইউনিয়ন:</u> আন্ধার মানিক ও সোনাতলা নদীর পাড়ে অবস্থিত মিঠাগঞ্জ ইউনিয়ন। সাপুরিয়া থেকে চরপাড়া পক্ষিয়া পাড়া ও মধুখালী হয়ে মিঠাগঞ্জ পর্যন্ত মোট ৩৩ কি:মি: পাঁকা ও কাঁচা বাঁধ রয়েছে।
- <u>বালিয়াতলী ইউনিয়ন:</u> আন্ধার মানিক নদীর দক্ষিন-পূর্ব পাড়ে ঘেষে আবস্থিত বালিয়াতলী ইউনিয়ন। বালিয়াতলী খেয়া ঘাট থেকে চর নজীব গ্রামের পাড় ঘেষে বানাতি বাজার এর খালের পশ্চিম পাড় হয়ে বাবলাতলা বাজার পর্যন্ত প্রায় ৩৯ কি:মি: পাঁকা ও কাঁচা বেরিবাঁধ রয়েছে। যার উচ্চতা প্রায় ০৭ ফিট। এই বেরিবাঁধটি ইউনিয়নের বাজার, শিক্ষা প্রতিষ্ঠান ও ইউনিয়ন পরিষদ ইত্যাদি রক্ষা করে থাকে।
- <u>লালুয়া ইউনিয়ন:</u> রামনাবাদ চ্যানেল এর পশ্চিম পাড় ঘেঁষে আবস্থিত লালুয়া ইউনিয়ন। এই ইউনিয়নের বানাতি বাজার থেকে শুরু হয়ে শনিবারের বাজার পর্যন্ত মোট ২৯ কি:মি: বেরিবাঁধ রয়েছে।
- <u>চম্পাপুর ইউনিয়ন:</u> আগুনমোখা ও রামনাবাদ নদীর পাড়ে অবস্থিত চম্পাপুর ইউনিয়ন। এই ইউনিয়নে মোট ০২ কি:মি: পাঁকা ও ২৩ কি:মি: কাঁচা বাঁধ রয়েছে।
- <u>ধানখালী ইউনিয়ন:</u> টিয়াখালী ও রামনাবাদ নদীর পশ্চিম পাড়ে ২৫ কি:মি: বাঁধ রয়েছে।
- <u>কুয়াকাটা পৌরসভা:</u> পর্যটন নগরীর দক্ষিন দিকে বঙ্গোপসাগরের কোল ঘেঁষে পূর্ব ও পশ্চিম দিকে মোট ৩৭ কি:মি: কাঁচা ও পাঁকা বাঁধ রয়েছে।

- **স্লুইসগেট:** কলাপাড়া উপজেলায় মোট ১১০টি বাঁধ সংলগ্ন স্লুইসগেট রয়েছে। স্লুইসগেট গুলো আন্ধার মানিক, পূর্ব সোনাতলা, টিয়াখালী নদী এবং অন্যান্য খালের সাথে সংযুক্ত। তবে উল্লিখিত স্লুইসগেট গুলোর মধ্যে অধিকাংশ স্লুইসগেটের কার্যকরী অবস্থা ভাল না। যে কারণে অতিরিক্ত পানি উঠা-নামার ক্ষেত্রে স্বাভাবিক প্লাবন ও জলাবদ্ধার সৃষ্টি হয়।

নিম্নে ইউনিয়ন ভিত্তিক বাঁধের সংখ্যা ও অবস্থানের পরিসংখ্যান প্রদান করা হলো:

- <u>মহিপুর ইউনিয়ন:</u> বঙ্গোপসাগরের তীরবর্তী মহিপুর ইউনিয়নের বিভিন্ন স্থানে আছে ৯টি স্লুইসগেট ।
- <u>চাকামাইয়া ইউনিয়ন:</u> চাকামাইয়া ইউনিয়নে ৭টি স্লুইসগেট আছে ।
- <u>টিয়াখালী ইউনিয়ন:</u> টিয়াখালী ইউনিয়নের বিভিন্ন স্থানে ৬টি স্লুইসগেট আছে।
- <u>ডালবুগঞ্জ ইউনিয়ন:</u> ডালবুগঞ্জ ইউনিয়নে আছে ৯টি স্লুইসগেট।
- <u>লতাচাপলি ইউনিয়ন:</u> লতাচাপলী ইউনিয়নে আছে ৯টি।
- <u>নীলগঞ্জ ইউনিয়ন:</u> কলাপাড়া উপজেলার সর্ব বৃহত ইউনিয়ন নীলগঞ্জে আছে ৮ টি স্লুইসগেট।।

- কলাপাড়া পৌরসভা: কলাপাড়া পৌরসভায় ৮টি স্লুইসগেট আছে।
- ধুলারসার ইউনিয়ন: ধুলাসার ইউনিয়নে আছে ৮টি স্লুইসগেট ।
- মিঠাগঞ্জ ইউনিয়ন: মিঠাগঞ্জ ইউনিয়নে আছে ৮টি।
- বালিয়াতলী ইউনিয়ন: বালিয়াতলী ইউনিয়নে ৭টি স্লুইসগেট আছে।
- লালুয়া ইউনিয়ন: লালুয়া ইউনিয়নে আছে ৮টি।
- চম্পাপুর ইউনিয়ন: চম্পাপুর ইউনিয়নে আছে ৮টি।
- ধানখালী ইউনিয়ন: ধানখালী ইউনিয়নে ৭টি।
- কুয়াকাটা পৌরসভা: কলাপাড়া উপজেলার ২য় পৌরসভা কুয়কাটায় আছে ৮টি পৌসভা ।

উপরোল্লেখিত ইউনিয়ন ও পৌরসভা সমূহে উল্লেখিত সংখ্যক স্লুইসগেট থাকলেও পর্যাপ্ত তদারকি ও রক্ষনাবেক্ষন এবং সংস্কারের অভাবে অধিকাংস স্লুইসগেট ই বিকল হয়ে পরেছে তাছাড়া কলাপাড়া উপজেলার বিস্তির্ন এলাকার জন্য উল্লেখিত সংখ্যক স্লুইসগেট খুবই অপ্রতুল।

- **ব্রীজ:** কলাপাড়া উপজেলার প্রতিটি ইউনিয়নে/পৌরসভার বিভিন্ন নদী ও খালের উপরে ছোট-বড় মোট ২০টি ব্রীজ রয়েছে। তবে কোন কোন ইউনিয়নে/ পৌরসভায় দুইটি করেও ব্রীজ আছে । নিন্মে এ ব্রীজ গুলোর অবস্থান ইউনিয়ন অনুসারে তুলে ধরা হলঃ-
- মহিপুর ইউনিয়ন:২টি।
- চাকামাইয়া ইউনিয়ন: ২টি ।
- টিয়াখালী ইউনিয়ন: ২টি।
- ডালবুগঞ্জ ইউনিয়ন: ১টি।
- লতাচাপলি ইউনিয়ন: ১টি।
- নীলগঞ্জ ইউনিয়ন: ১টি।।
- কলাপাড়া পৌরসভা: ১টি।
- ধুলারসার ইউনিয়ন: ২টি ।
- মিঠাগঞ্জ ইউনিয়ন: ১টি।
- বালিয়াতলী ইউনিয়ন: ২টি।
- লালুয়া ইউনিয়ন: ১টি।
- চম্পাপুর ইউনিয়ন: ১টি।
- ধানখালী ইউনিয়ন: ২টি।
- কুয়াকাটা পৌরসভা: ১টিপীসভা ।

**উল্লেখিত ব্রীজ গুলো লোহা/স্টীল এবং কংকৃট দ্বরা নির্মিত এবং ঢাকা - কুয়াকাটা মহাসরকে আন্দার মানিক, ফুলবুনিয়া ও শিববাড়ীয়া নদীর উপর তিনটি ব্রীজ নির্মানাধীন আছে।**

- **কালভার্ট:** কলাপাড়া উপজেলায় নদী/খালের উপরে আনুমানিক ৫৫০ টি কালভার্ট রয়েছে। এর মধ্যে ৫টি ইউনিয়নের অধিকাংশ কালর্ভাট গুলোর অবস্থা অত্যন্ত ঝুঁকিপূর্ন। প্রয়োজনের তুলনায় এই উপজেলায় কালভার্টের সংখ্যা অপ্রতুল।
- মহিপুর ইউনিয়ন:৩৫টি।
- চাকামাইয়া ইউনিয়ন: ৪০টি ।
- টিয়াখালী ইউনিয়ন: ৩০টি।
- ডালবুগঞ্জ ইউনিয়ন: ৪৫টি।
- লতাচাপলি ইউনিয়ন: ৫৫টি।
- নীলগঞ্জ ইউনিয়ন: ৬০টি।।
- কলাপাড়া পৌরসভা: ১৫টি।
- ধুলারসার ইউনিয়ন: ৩৫টি ।
- মিঠাগঞ্জ ইউনিয়ন: ৩৫টি।
- বালিয়াতলী ইউনিয়ন: ৪৮টি।
- লালুয়া ইউনিয়ন: ৪৫টি।
- চম্পাপুর ইউনিয়ন: ৪৫টি।
- ধানখালী ইউনিয়ন: ৫০টি।
- কুয়াকাটা পৌরসভা: ১২টি।

***(Source:** Water Development Board & LGED, Kalapara)*

- **রাস্তা :** মোট রাস্তা ১৫০৮ কি.মি (কাঁচা ১২৭৫ কি.মি, ঐইই ৯৩কি.মি, পাকা ১৪০ কি.মি)।
- মহিপুর ইউনিয়ন: ৭৫ কি:মি:।
- চাকামাইয়া ইউনিয়ন: ৮০ কি:মি:।
- টিয়াখালী ইউনিয়ন: ১০০ কি:মি:।
- ডালবুগঞ্জ ইউনিয়ন: ৬০ কি:মি:।
- লতাচাপলি ইউনিয়ন: ১৩০ কি:মি:।
- নীলগঞ্জ ইউনিয়ন: ১৫০ কি:মি:।
- কলাপাড়া পৌরসভা: ১০ কি:মি:।
- ধুলারসার ইউনিয়ন: ১২০ কি:মি:।
- মিঠাগঞ্জ ইউনিয়ন: ৮৮ কি:মি:।

- বালিয়াতলী ইউনিয়ন: ১২০ কি:মি: ।
- লালুয়া ইউনিয়ন: ১০০ কি:মি: ।
- চম্পাপুর ইউনিয়ন: ৯০ কি:মি: ।
- ধানখালী ইউনিয়ন: ১২০ কি:মি: ।
- কুয়াকাটা পৌরসভা: ১২ কি:মি: ।

তাছাড়া অত্র উপজেলার পাকা সরকের পরিমান ১৪০কি:মি: । অত্র উপজেলার প্রধান সরক এবং ঢাকা - কুয়াকাট মহাসরক যা শুরু হয়েছে কলাপাড়ার প্রবেশ দার খ্যাত রজপাড়া আবাশন থেকে কুয়াকাটা পর্যন্ত ৫০ কি:মি: । কলাপাড়ার অন্যান্য প্রধান প্রধান সড়ক গুলোর মধ্যে কলাপাড়া ফেরীঘাট থেকে বালিয়াতলী হয়ে মহিপুর পর্যন্ত ৩০ কি:মি:, কলাপাড়া চৌরাস্তা থেকে লোন্দা খেয়াঘাট হয়ে ধানখালী পর্যন্ত ৩০কি:মি এবং কুয়াকাটা থেকে মিস্ত্রীপাড়া হয়ে ধুলাসার পর্যন্ত ৩০কি:মি: পাকা সড়ক বিদ্যমান এবং কলাপাড়া উপজেলার বিভিন্ন ইউনিয়নে যেমন নীলগঞ্জ-এ ১০কি:মি:, মহিপুরে ৬ কি:মি:, লতাচাপলী ৯কি:মি: ডালবুগঞ্জ-৯কি:মি: চাকামাইয়া ৬কি:মি:, বালিয়াতলী-৯কি:মি:, লালুয়া-৬কি:মি, টিয়াখালী ৬কি:মি:, ধানখালী-৯কিমি:, চম্পাপুর- ৮ মিঠাগঞ্জ- ৭ কি:মি:, ধুলাসার-৫কি:মি:, কুয়াকাটা পৌরসভা-৩কি:মি:

***(Source:** LGED, Kalapara)*

- **সেচব্যবস্থা**: কলাপাড়া উপজেলয় রবি ফসল উৎপাদনের জন্য ৭৬০টি শ্যালো মেশিন ব্যবহারের পাশাপশি ভিবিন্ন খাল থেকে জোয়ারের পানি এবং স্লুইস গেট এর মাধ্যমে বৃষ্টির পানি সংরক্ষন করে সেচের কাজে ব্যবহার করা হয় ।

- মহিপুর ইউনিয়ন: ৮৩ টি ।
- চাকামাইয়া ইউনিয়ন: ২৩ টি ।
- টিয়াখালী ইউনিয়ন: ৬২ টি ।
- ডালবুগঞ্জ ইউনিয়ন: ১৩২ টি ।
- লতাচাপলি ইউনিয়ন: ৭৮ টি ।
- নীলগঞ্জ ইউনিয়ন: ১৪৩ টি ।
- কলাপাড়া পৌরসভা: ২৯ টি ।
- ধুলারসার ইউনিয়ন: ৫৪ টি ।
- মিঠাগঞ্জ ইউনিয়ন: ৭৯ টি ।
- বালিয়াতলী ইউনিয়ন: ৬৬ টি ।
- লালুয়া ইউনিয়ন: ৫৬ টি ।
- চম্পাপুর ইউনিয়ন: ৯৬ টি ।
- ধানখালী ইউনিয়ন: ৭৪ টি ।

- কুয়াকাটা পৌরসভা: ১৪ টি।

কলাপাড়া উপজেলায় গড়ে প্রতিবছর বোরো-৩৫০ হেঃ, রবি ফসল-১৪৮০০ হেঃ, রোপা আমন-সম্পুরক সেচ-১০,০০০ হেঃ, আউশ-৪০০ হেঃ জমি চাষাবাদ হয়।

***(Source:**Upazila Agriculture Department, Kalapara)*

- **হাটবাজার:** কলাপাড়া উপজেলাতে মোট ২০টি হাট বাজার রয়েছে। সপ্তাহের প্রতিটা দিনেই কোন না কোন ইউনিয়নে হাট বসে। যেমন উপজেলা শহরে সপ্তাহের প্রতি মঙ্গলবার হাট বসে। হাটবারে স্থায়ী দোকানের পাশা পাশি অস্থায়ী দোকান পাট বসে। এছাড়া প্রতি দিন সকালে ও বিকালে উপজেলা শহর এবং ইউনিয়নের গুলিতে বাজার বসে। হাটবাজার সংক্রান্ত ব্যবসা- বাণিজ্য ব্যবসায়ী মালিক সমিতি এবং ইজারাদারদের দ্বারা পরিচালিত হয়।

  নিন্মে এ সংক্রান্ত বিস্তারিত তথ্য দেওয়া হল:

  - লতাচাপলি ইউনিয়ন: লতাচাপলী ইউনিয়নে হাটবাজার রয়েছে ০৩টি। এগুলো হলো লক্ষীবাজার, কুয়াকাটা বাজার ও আলীপুর বাজার। এই বাজার গুলো সপ্তাহে একদিন বসে থাকে। এসব বাজারে আনুমানিক ৩৩৫টি স্থায়ী / অস্থায়ী দোকান লক্ষ্য করা যায়। এছাড়াও বিভিন্ন স্থানে ছোট বড় কয়েকটি বাজার বসে। এসব বাজারে প্রায় ২২৮টি স্থায়ী/অস্থায়ী দোকান লক্ষ করা যায়, প্রায় দোকান গুলো নিচু স্থানে অবস্থিত যা জোয়ারের পানিতে দোকান গুলো তলিয়ে যায়। অধিকাংশ দোকান বাঁশ ও কাঠ দ্বারা তৈরি।
  - মহিপুর ইউনিয়ন: মহিপুর ইউনিয়নে ০২টি হাট বসে। এছাড়াও আলীপুর ব্রীজের নিচে স্থায়ী বাজার আছে। এই বাজারে স্থায়ী দোকানের সংখ্যা ১০৩টি ও অস্থায়ী দোকানের সংখ্যা আনুমানিক ৮৩টি। অতিরিক্ত জোয়ারে বা দূর্যোগ এলে দোকান গুলোতে পানি উঠে যায়।
  - চাকামাইয়া ইউনিয়ন: চাকামাইয়া ইউনিয়নে নির্দিষ্ঠ কোন হাট নেই। ইউনিয়নের অধিকাংশ লোকজন উপজেলা পরিষদ বাজার সহ চৌরাস্তায় অস্থায়ী বাজারে নিত্য প্রয়োজনীয় জিনিস কেনা কাটা করে থাকে।
  - টিয়াখালী ইউনিয়ন: টিয়াখালী ইউনিয়নে নির্দিষ্ঠ কোন হাট নেই। ইউনিয়নের অধিকাংশ লোকজন উপজেলা পরিষদ বাজারে নিত্য প্রয়োজনীয় জিনিস কেনা কাটা করে থাকে। বাদুরতলী সুইজগেট সংলগ্ন রাস্তার দুই পাশে প্রায় ৩৭টি স্থায়ী ও অস্থায়ী দোকান লক্ষ্য করা যায়।
  - ডালবুগঞ্জ ইউনিয়ন: ডালবুগঞ্জ ইউনিয়নে ০১টি হাট বসে। এছাড়াও ইউনিয়নের বিভিন্ন স্থানে ছোট ছোট কয়েকটি বাজার বসতে লক্ষ্য করা যায়। এসব বাজারে আনুমানিক ৭৫টি স্থায়ী ও অস্থায়ী দোকান দেখা যায়। অধিকাংশই দোকানগুলো বাঁশ, কাঠ ও গোলপাতা দিয়ে ও নিচু স্থানে তৈরি। দূর্যোগ এলে সবকিছু লন্ডভন্ড হওয়ার সম্ভাবনা থাকে।
  - নীলগঞ্জ ইউনিয়ন: নীলগঞ্জে ইউনিয়ন হাট বাজার আছে ০২টি। এর মধ্যে সবচেয়ে বড় বাজার হলো পাখীমারা বাজার। এই বাজারে স্থায়ী অস্থায়ী মিলে মোট দোকান ৪২০টি (অনুমানিক)।

এছাড়াও ইউনিয়নে কয়েকটি বাজার রয়েছে। এসব বাজারে ছোট বড় স্থায়ী অস্থায়ী মিলে প্রায় ২৬১টি দোকান লক্ষ্য করা যায়। এই ইউনিয়নে দুটি ফেরি ঘাট রয়েছে। এই ফেরি ঘাট দুটিতে প্রায় ৩০-৩৫টি স্থায়ী/অস্থায়ী দোকান বসে। অধিকাংশই দোকানই নিচু স্থানে অবস্থিত বলে অতিরিক্ত জোয়ারে বা দূর্যোগ এলে দোকান গুলোতে পানি ওঠে ও ভেঙ্গে যাওয়ার সম্ভাবনা থাকে।

- কলাপাড়া পৌরসভা: কলাপাড়া পৌরসভায় হাট বাজার রয়েছে ০১টি। এটি সপ্তাহে মঙ্গলবার বসে থাকে, ফলে কয়েকটি ইউনিয়নের জনগনের মিলন স্থানে পরিনত হয়। এই বাজারে স্থায়ী / অস্থায়ী মিলে প্রায় ৪০০-৪৩৫টি দোকান রয়েছে। এছাড়াও প্রতিদিন বাজার বসে। কলাপাড়া পৌরসভার আয়তনের মধ্যে বিভিন্ন যায়গায় স্থায়ী ও অস্থায়ী মিলে আনুমানিক ৬২০-৬৭৫টি দোকান বসতে দেখা যায়। কলাপাড়া ফেরি ঘাট হতে বালিয়াতলী খেয়া ঘাট পর্যন্ত আন্ধার মানিক নদীর উত্তর পাড় ঘেষে প্রায় ০৬ কি:মি পাকা বেরিবাঁধ আছে তার দুই পাশে অসংখ্য স্থায়ী / অস্থায়ী এবং ভাসমান দোকান লক্ষ্য করা যায়।
- ধুলারসার ইউনিয়ন: ধুলাসার ইউনিয়নে ০১টি হাট আছে। এছাড়াও ইউনিয়নের বাবলাতলায় একটি বাজার বসে। এসব বাজারে আনুমানিক ৫৫-৬৪টি স্থায়ী ও অস্থায়ী দোকান আছে। অধিকাংশই দোকানগুলো বাঁশ, কাঠ ও গোলপাতা দিয়ে ও নিচু স্থানে তৈরি। দূর্যোগ এলে সবকিছু লন্ডভন্ড হওয়ার সম্ভাবনা আছে।
- মিঠাগঞ্জ ইউনিয়ন: মিঠাগঞ্জ ইউনিয়নে হাটের সংখ্যা ০১টি। এছাড়াও ইউনিয়নের বিভিন্ন স্থানে ছোট ছোট কয়েকটি বাজার বসতে দেখা যায়। এসব বাজারে আনুমানিক ৭৫টি স্থায়ী ও অস্থায়ী দোকান রয়েছে। সাপুরিয়া থেকে চরপাড়া পক্ষিয়া পাড়া ও মধুখালী হয়ে মিঠাগঞ্জ পর্যন্ত মোট ৩৩ কি:মি: পাঁকা ও কাঁচা বাঁধ রয়েছে তার দুই পাশে অসংখ্য স্থায়ী / অস্থায়ী দোকান লক্ষ্য করা যায়। অধিকাংশই দোকানগুলো বাঁশ, কাঠ ও গোলপাতা দিয়ে ও নিচু স্থানে তৈরি। দূর্যোগ এলে সবকিছু ধংশ হওয়ার সম্ভাবনা আছে।
- বালিয়াতলী ইউনিয়ন: বালিয়াতলী ইউনিয়নে সাপ্তাহিক ০২টি হাট বসে। বালিয়াতলী খেয়া ঘাট থেকে চর নজীব গ্রামের পাড় ঘেষে বানাতি বাজার এর খালের পশ্চিম পাড় হয়ে বাবলাতলা বাজারের উত্তর পাড় পর্যন্ত প্রায় ৩৯ কি:মি: পাঁকা ও কাঁচা বেরিবাঁধ রয়েছে তার বিভিন্ন স্থানে ছোট ছোট কয়েকটি বাজার বসতে দেখা যায়। এসব বাজারে আনুমানিক ৮৮টি স্থায়ী ও অস্থায়ী দোকান আছে। অধিকাংশই দোকানগুলো বাঁশ, কাঠ ও গোলপাতা দিয়ে ও নিচু স্থানে তৈরি। দূর্যোগ এলে সবকিছু লন্ডভন্ড হওয়ার সম্ভাবনা থাকে।
- লালুয়া ইউনিয়ন: লালুয়া ইউনিয়নে রয়েছে ০২টি হাট। এই ইউনিয়নে বানাতি বাজার ও শনিবারের বাজার নামে দুটি সাপ্তাহিক বাজার, এটি বসে সোমবার আরেকটি শনিবার। এই বাজারে হাটবারের দিন নানা যায়গা থেকে নানা রকমের ভাসমান দোকান আসে যার সংখ্যা প্রায় ৫৫-৬০টি। এছাড়াও ইউনিয়নের বিভিন্ন স্থানে ছোট ছোট কয়েকটি বাজার বসতে লক্ষ্য করা যায়। এসব বাজারে আনুমানিক ৮৫টি স্থায়ী ও অস্থায়ী দোকান রয়েছে। অধিকাংশই

দোকানই নিচু স্থানে অবস্থিত বলে অতিরিক্ত জোয়ারে বা দূর্যোগ এলে দোকান গুলোতে পানি ওঠে ও ভেঙ্গে যাওয়ার সম্ভাবনা আছে।

- চম্পাপুর ইউনিয়ন: চম্পাপুর ইউনিয়নে ০১টি বাজার বসতে দেখা যায়। এছাড়াও ইউনিয়নের বিভিন্ন স্থানে ছোট ছোট কয়েকটি বাজার বসতে লক্ষ্য করা যায়। এসব বাজারে আনুমানিক ৬৫টি স্থায়ী ও অস্থায়ী দোকান লক্ষ্য করা যায়। এই ইউনিয়নে মোট ০২ কি:মি: পাঁকা ও ২৩ কি:মি: কাঁচা বাঁধ রয়েছে তার দুই পাশে স্থায়ী / অস্থায়ী আনুমানিক ৭০-৮০টি দোকান দেখা যায়।
- ধানখালী ইউনিয়ন: ধানখালী ইউনিয়নে রয়েছে ০১টি হাট। এছাড়াও ইউনিয়নের বিভিন্ন স্থানে ছোট ছোট কয়েকটি বাজার রয়েছে। এসব বাজারে আনুমানিক ৭৫টি স্থায়ী ও অস্থায়ী দোকান লক্ষ্য করা যায়। অধিকাংশই দোকানই নিচু স্থানে অবস্থিত বলে অতিরিক্ত জোয়ারে বা দূর্যোগ এলে দোকান গুলোতে পানি ওঠে ও ভেঙ্গে যাওয়ার সম্ভাবনা আছে।
- কুয়াকাটা পৌরসভা: কুয়াকাটায় পৌরসভা মোট হাট বাজার রয়েছে ০৩টি। এই পৌরসভার বিভিন্ন যায়গায় এছাড়াও কয়েকটি বাজার বসতে দেখা যায়। সাগর কন্যা কুয়াকাটা বীচের পাশে রাখাইন মার্কেট সহ রাস্তার দুই পাশে আনুমানিক ৭৫টি ছোট বড় স্থায়ী ও অস্থায়ী দোকান লক্ষ্য করা যায়। অধিকাংশ দোকান গুলো নিচু। অতিরিক্ত জোয়ারে দোকান গুলোতে পানি উঠে যায়।

## ১.৪.২ সামাজিক সম্পদ

**ঘরবাড়ি:** কলাপাড়া উপজেলার অধীকাংশ ঘরবাড়ি কাঠ ও টিনের তৈরী। পাকা ঘরে সংখ্যা খুবই কম। মাটির তৈরী ঘর বাড়ি নেই বললেই চলে। কলাপাড়া উপজেলায় মোট ঘরবাড়ির সংখ্যা ৪৮,৮৪১টি এর মধ্যে পাকা ঘরবাড়ির সংখ্যা ৪,০২২টি, আধাপাকা ঘরবাড়ির সংখ্যা ৭,১০৯টি, কাঁচা ঘরবাড়ির সংখ্যা ৩৭,২৩১টি। অন্যের জমিতে বাড়ি ৪৭৯টি পরিবার। উপজেলার কাঁচা ঘরগুলো গোলপাতা, বাঁশ ও খড় দিয়ে তৈরি। এই উপজেলার প্রায় ৬৫% কাঁচা ঘরবাড়ি বন্যা লেভেলের নিচে এবং ঘরগুলো ঘূর্ণিঝড় সহনশীল নয়।

- মহিপুর ইউনিয়ন: মহিপুর ইউনিয়নের মোট বাড়ির সংখ্যা ৩,৪২৭টি। যার মধ্যে কাঁচা বাড়ি ২,১৯০টি, আধাপাকা বাড়ি ৭৫৪টি, পাকা বাড়ির সংখ্যা ৪৫৪টি এবং অন্যের জমিতে বাড়ি ২৯টি পরিবারের।
- চাকামাইয়া ইউনিয়ন: চাকামাইয়া ইউনিয়নের মোট বাড়ির সংখ্যা ৩,৮৭২টি। যার মধ্যে কাঁচা বাড়ি ২,৮৪২টি, আধাপাকা বাড়ি ৫৬২টি, পাকা বাড়ির সংখ্যা ৪২১টি এবং অন্যের জমিতে বাড়ি ৪৭টি পরিবারের।
- টিয়াখালী ইউনিয়ন: টিয়াখালী ইউনিয়নের মোট বাড়ির সংখ্যা ৩,০৭৮টি। যার মধ্যে কাঁচা বাড়ি ১,৮৪০টি, আধাপাকা বাড়ি ৭৯৬টি, পাকা বাড়ির সংখ্যা ৩৯৩টি এবং অন্যের জমিতে বাড়ি ৪৯টি পরিবারের।
- ডালবুগঞ্জ ইউনিয়ন: ডালবুগঞ্জ ইউনিয়নের মোট বাড়ির সংখ্যা ২,৭১৬টি। যার মধ্যে কাঁচা বাড়ি ১,৯৭৩টি, আধাপাকা বাড়ি ৪৭৪টি, পাকা বাড়ির সংখ্যা ২৩২টি এবং অন্যের জমিতে বাড়ি ৩৭টি পরিবারের।

- লতাচাপলি ইউনিয়ন: লতাচাপলি ইউনিয়নের মোট বাড়ির সংখ্যা ৫,১৭৬টি। যার মধ্যে কাঁচা বাড়ি ৪,২০০টি, আধাপাকা বাড়ি ৬১২টি, পাকা বাড়ির সংখ্যা ৩৩১টি এবং অন্যের জমিতে বাড়ি ৩৩টি পরিবারের।
- নীলগঞ্জ ইউনিয়ন: নীলগঞ্জ ইউনিয়নের মোট বাড়ির সংখ্যা ৬,৫৭৮টি। যার মধ্যে কাঁচা বাড়ি ৫,৫২৩টি, আধাপাকা বাড়ি ৬২৩টি, পাকা বাড়ির সংখ্যা ৪০৭টি এবং অন্যের জমিতে বাড়ি ২৫টি পরিবারের।
- কলাপাড়া পৌরসভা: কলাপাড়া পৌরসভায় মোট বাড়ির সংখ্যা ৩,৫৭৯টি। যার মধ্যে কাঁচা বাড়ি ১,৩৮৩টি, আধাপাকা বাড়ি ১,১৭১টি, পাকা বাড়ির সংখ্যা ১,০০৯টি এবং অন্যের জমিতে বাড়ি ১৬টি পরিবারের।
- ধুলারসার ইউনিয়ন: ধুলারসার ইউনিয়নের মোট বাড়ির সংখ্যা ৩,১৯২টি। যার মধ্যে কাঁচা বাড়ি ২,৪৪৩টি, আধাপাকা বাড়ি ৫২১টি, পাকা বাড়ির সংখ্যা ২১০টি এবং অন্যের জমিতে বাড়ি ১৮টি পরিবারের।
- মিঠাগঞ্জ ইউনিয়ন: মিঠাগঞ্জ ইউনিয়নের মোট বাড়ির সংখ্যা ২,৩৮১টি। যার মধ্যে কাঁচা বাড়ি ১,৯৯৮টি, আধাপাকা বাড়ি ২৭২টি, পাকা বাড়ির সংখ্যা ৭৫টি এবং অন্যের জমিতে বাড়ি ৩৬টি পরিবারের।
- বালিয়াতলী ইউনিয়ন: বালিয়াতলী ইউনিয়নের মোট বাড়ির সংখ্যা ৩,৩৫১টি। যার মধ্যে কাঁচা বাড়ি ২,৭৭১টি, আধাপাকা বাড়ি ৪৫২টি, পাকা বাড়ির সংখ্যা ৯৭টি এবং অন্যের জমিতে বাড়ি ৩১টি পরিবারের।
- লালুয়া ইউনিয়ন: লালুয়া ইউনিয়নের মোট বাড়ির সংখ্যা ৩,৬৮২টি। যার মধ্যে কাঁচা বাড়ি ৩,১৬১টি, আধাপাকা বাড়ি ৩৫২টি, পাকা বাড়ির সংখ্যা ৯৮টি এবং অন্যের জমিতে বাড়ি ৭১টি পরিবারের।
- চম্পাপুর ইউনিয়ন: চম্পাপুর ইউনিয়নের মোট বাড়ির সংখ্যা ২,৯৭২টি। যার মধ্যে কাঁচা বাড়ি ২,৭৯৮টি, আধাপাকা বাড়ি ৯৮টি, পাকা বাড়ির সংখ্যা ৩৯টি এবং অন্যের জমিতে বাড়ি ৩৭টি পরিবারের।
- ধানখালী ইউনিয়ন: ধানখালী ইউনিয়নের মোট বাড়ির সংখ্যা ৩,২৪৫টি। যার মধ্যে কাঁচা বাড়ি ৩,০৬৫টি, আধাপাকা বাড়ি ১১০টি, পাকা বাড়ির সংখ্যা ৪৯টি এবং অন্যের জমিতে বাড়ি ২১টি পরিবারের।
- কুয়াকাটা পৌরসভা: কুয়াকাটা পৌরসভায় মোট বাড়ির সংখ্যা ১,৫৯২টি। যার মধ্যে কাঁচা বাড়ি ১,০৪৪টি, আধাপাকা বাড়ি ৩১২টি, পাকা বাড়ির সংখ্যা ২০৭টি এবং অন্যের জমিতে বাড়ি ২৯টি পরিবারের।

**পানি:** এই উপজেলায় খাবার পানি হিসেবে নলকুপ এবং পুকুরের পানি ব্যবহার করে থাকে। গভীর নলকুপ চালু আছে ২,৮০১ টি, নষ্ট আছে ১১৬ টি, বন্যা লেভেলের উপরে অবস্থিত ৬৭ টি, এই এলাকায় শতকরা ৮০% অধিবাসী নলকুপের পানি ব্যবহার করে থাকে। উপজেলা শহরে একটি পানির ট্যাংকি আছে। যার ধারন ক্ষমতা ৫,০০০ লিটার। এই পানি দ্বারা কলাপাড়া উপজেলার পৌরসভা, টিয়াখালী, চাকামাইয়া ইউনিয়নের বসবাসকারী প্রায় ৮,৩২৯টি পরিবার এই পানি পান ও ব্যবহার করে থাকে। এই পানির ট্যাংকিটি কলাপাড়া পৌরসভা কতৃক পরিচালিত হচ্ছে।

- <u>মহিপুর ইউনিয়ন:</u> মহিপুর ইউনিয়নের গভীর নলকুপ চালু আছে ১২৭ টি, নষ্ট ১১টি নলকূপ, বন্যা লেভেলের উপরে রয়েছে ০৪ টি।
- <u>চাকামাইয়া ইউনিয়ন:</u> চাকামাইয়া ইউনিয়নে গভীর নলকুপ চালু আছে ২০৯ টি, নষ্ট ০৮টি, বন্যা লেভেলের উপরে ০৩ টি আছে ।
- <u>টিয়াখালী ইউনিয়ন:</u> টিয়াখালী ইউনিয়নের গভীর নলকুপ চালু ২১৮ টি, নষ্ট ০৯টি, বন্যা লেভেলের উপরে আছে ০৫টি।
- <u>ডালবুগঞ্জ ইউনিয়ন:</u> ডালবুগঞ্জ ইউনিয়নে গভীর নলকুপ চালু ১৫৪ টি, নষ্ট ০৯টি, বন্যা লেভেলের উপরে ০৪টি আছে ।
- <u>লতাচাপলি ইউনিয়ন:</u> লতাচাপলী ইউনিয়নে গভীর নলকুপ ২৩১ টি চালু, ১২টি নষ্ট, বন্যা লেভেলের উপরে আছে ০৪টি ।
- <u>নীলগঞ্জ ইউনিয়ন:</u> নীলগঞ্জে ইউনিয়ন গভীর নলকুপ চালু ৩১৮ টি, নষ্ট ০৮টি, বন্যা লেভেলের উপরে আছে ০৭ টি।
- <u>কলাপাড়া পৌরসভা:</u> কলাপাড়া পৌরসভায় গভীর নলকুপ চালু ২৫৪ টি, নষ্ট ০৫টি, বন্যা লেভেলের উপরে ০৯ টি আছে।
- <u>ধুলারসার ইউনিয়ন</u>: ধুলাসার ইউনিয়নে গভীর নলকুপ ১৬৮ টি চালু আছে, ০৯টি নষ্ট, বন্যা লেভেলের উপরে ০৪ টি আছে ।
- <u>মিঠাগঞ্জ ইউনিয়ন:</u> মিঠাগঞ্জ ইউনিয়নে গভীর নলকুপ ১৭৮ টি চালু, ০৭টি নষ্ট, বন্যা লেভেলের উপরে ০৪ টি আছে ।
- <u>বালিয়াতলী ইউনিয়ন</u>: বালিয়াতলী ইউনিয়নে গভীর নলকুপ ১৯৮ টি চালু, ০৯টি নষ্ট, বন্যা লেভেলের উপরে আছে ০৫ টি।
- <u>লালুয়া ইউনিয়ন:</u> লালুয়া ইউনিয়নে গভীর নলকুপ চালু ১৭৩ টি, নষ্ট ০৮টি, বন্যা লেভেলের উপরে ০৪ টি আছে।
- <u>চম্পাপুর ইউনিয়ন:</u> চম্পাপুর ইউনিয়নে গভীর নলকুপ ১৭৬ টি চালু, ০৭টি নষ্ট, বন্যা লেভেলের উপরে আছে ০৪ টি।
- <u>ধানখালী ইউনিয়ন:</u> ধানখালী ইউনিয়নে গভীর নলকুপ চালু ১৬৩ টি, নষ্ট ০৮টি, বন্যা লেভেলের উপরে ০৩ টি আছে ।
- <u>কুয়াকাটা পৌরসভা:</u> কুয়াকাটায় পৌরসভা গভীর নলকুপ ২৩৪ টি চালু ,০৬টি নষ্ট, বন্যা লেভেলের উপরে ০৭ টি আছে ।

***(Source:** DPHE, Kalapara)*

<u>পয়ঃনিস্কাশন ব্যবস্থা:</u> স্বাস্থ্যসম্মত পায়খানা ৪৬,৭৮২ টি, বন্যা/জলোচ্ছাস লেভেলের উপরে অবস্থিত ১৭,০৯৪ টি, এবং ৮২.৮৪% অধিবাসী স্বাস্থ্যসম্মত লেট্রিন ব্যবহার করে থাকে।অধিকাংশ পায়খানা কাঁচা অথাৎ বাঁশ, কাঠ, টিন ও রিং স্লাপ দিয়ে তৈরি যা কিনা দূযোগ সহনশীল নয়।

- <u>মহিপুর ইউনিয়ন:</u> মহিপুর ইউনিয়নের স্বাস্থ্যসম্মত পায়খানা আছে ৩৩২২ টি, বন্যা লেভেলের উপরে রয়েছে ১৮৫৬ টি।
- <u>চাকামাইয়া ইউনিয়ন:</u> চাকামাইয়া ইউনিয়নে স্বাস্থ্যসম্মত পায়খানা আছে ৩৬৭২ টি, বন্যা লেভেলের উপরে ১২৩৪ টি আছে।
- <u>টিয়াখালী ইউনিয়ন:</u> টিয়াখালী ইউনিয়নের স্বাস্থ্যসম্মত পায়খানা ২৯৮৭ টি, বন্যা লেভেলের উপরে আছে ১১৭৬টি।
- <u>ডালবুগঞ্জ ইউনিয়ন:</u> ডালবুগঞ্জ ইউনিয়নে স্বাস্থ্যসম্মত পায়খানা ২৬৫৪ টি, বন্যা লেভেলের উপরে ৯৮৪টি আছে ।
- <u>লতাচাপলি ইউনিয়ন:</u> লতাচাপলী ইউনিয়নে স্বাস্থ্যসম্মত পায়খানা ৫০১৬ টি বন্যা লেভেলের উপরে আছে ১১৭৫টি ।
- <u>নীলগঞ্জ ইউনিয়ন:</u> নীলগঞ্জে ইউনিয়ন স্বাস্থ্যসম্মত পায়খানা ৬৩৫৪ টি, বন্যা লেভেলের উপরে আছে ১১৭০ টি।
- <u>কলাপাড়া পৌরসভা:</u> কলাপাড়া পৌরসভায় স্বাস্থ্যসম্মত পায়খানা ৩৩৯৭ টি, বন্যা লেভেলের উপরে ২৩৪১ টি আছে।
- <u>ধুলারসার ইউনিয়ন</u>: ধুলাসার ইউনিয়নে স্বাস্থ্যসম্মত পায়খানা ২৯৯৫ টি আছে, বন্যা লেভেলের উপরে ৯৩২ টি আছে
- <u>মিঠাগঞ্জ ইউনিয়ন:</u> মিঠাগঞ্জ ইউনিয়নে স্বাস্থ্যসম্মত পায়খানা ২১৯৪ টি বন্যা লেভেলের উপরে ৯২০ টি আছে ।
- <u>বালিয়াতলী ইউনিয়ন</u>: বালিয়াতলী ইউনিয়নে স্বাস্থ্যসম্মত পায়খানা ৩১৯৪ টি বন্যা লেভেলের উপরে আছে ১০২৩ টি।
- <u>লালুয়া ইউনিয়ন:</u> লালুয়া ইউনিয়নে স্বাস্থ্যসম্মত পায়খানা ৩৪৯২ টি, বন্যা লেভেলের উপরে ১০৩৪ টি আছে।
- <u>চম্পাপুর ইউনিয়ন:</u> চম্পাপুর ইউনিয়নে স্বাস্থ্যসম্মত পায়খানা ২৮৬৯ টি বন্যা লেভেলের উপরে আছে ৯৮৩ টি।
- <u>ধানখালী ইউনিয়ন:</u> ধানখালী ইউনিয়নে স্বাস্থ্যসম্মত পায়খানা ৩১৫৩টি, বন্যা লেভেলের উপরে ১২৩৪ টি আছে ।
- <u>কুয়াকাটা পৌরসভা:</u> কুয়াকাটায় পৌরসভা স্বাস্থ্যসম্মত পায়খানা ১৪৮৩ টি, বন্যা লেভেলের উপরে ১০৩২ টি আছে ।

*(**Source:** DPHE, Kalapara)*

- **শিক্ষা প্রতিষ্ঠান**- সরকারি প্রাথমিক বিদ্যালয় ১৭৯ টি, ব্রাক পরিচালিত স্কুল ৪০ টি, কারিতাস পরিচালিত স্কুল ৩০ টি, ঢাকা আহছানিয়া মিশন পরিচালিত স্কুল ১০টি, মাধ্যমিক বিদ্যালয় ২৮ টি, নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ৫ টি, ডিগ্রি কলেজ ২ টি, সাধারণ মহাবিদ্যালয় ২ টি, টেকনিক্যাল কলেজ ২ টি, এবতেদায়ী মাদ্রাসা ৩৭ টি, দাখিল মাদ্রাসা ২২ টি, সিনিয়র মাদ্রাসা ৫ টি।

  ***(Source:** Education and Statistics Department, Kalapara.)*

- **শিক্ষা প্রতিষ্ঠান/পাঠাগার-** উপজেলার শিক্ষার হার- ৫৯.৯২%

  উপজেলা/ ইউনিয়নে সরকারী, বে-সরকারী, প্রাথমিক, উচ্চ বিদ্যালয়, মাদ্রাসা, কলেজ, পাঠাগার ইত্যাদির সংক্ষিপ্ত বর্ননা **সংযুক্তি:-** ০১ দেখানো হল

**ধর্মীয় প্রতিষ্ঠান: কলাপাড়া উপজেলায় মোট** মসজিদ ৩৮৭ টি, মন্দির ৪৫ টি, গির্জা, ৩ টি, বৌদ্ধ মন্দির ৬ টি। উক্ত অবকাঠামোগুলো অধিকাংশই আধা পাকা। সাইক্লোন সিডর এর মত ভংঙ্কও ঘূর্ণিঝড় হলে উক্ত অবকাঠামো ধংশ হবার সম্ভাবনা আছে।

- মহিপুর ইউনিয়ন: মহিপুর ইউনিয়নের মসজিদ আছে ২৫ টি, মন্দির ০৪ টি আছে।
- চাকামাইয়া ইউনিয়ন: চাকামাইয়া ইউনিয়নে মসজিদ আছে ২৭ টি, মন্দির আছে ০২ টি।
- টিয়াখালী ইউনিয়ন: টিয়াখালী ইউনিয়নের ২৮ টি মসজিদ আছে, ০২ টি মন্দির আছে।
- ডালবুগঞ্জ ইউনিয়ন: ডালবুগঞ্জ ইউনিয়নে মসজিদ আছে ২৩ টি, মন্দির আছে ০১ টি।
- লতাচাপলি ইউনিয়ন: লতাচাপলী ইউনিয়নে মসজিদ আছে ৩১ টি, মন্দির আছে ০৫ টি, বৌদ্ধ মন্দির আছে ০২ টি, গির্জা আছে ০২ টি।
- নীলগঞ্জ ইউনিয়ন: নীলগঞ্জে ইউনিয়ন ৩৮ টি মসজিদ আছে, মন্দির ০৬ টি আছে।
- কলাপাড়া পৌরসভা: কলাপাড়া পৌরসভায় মসজিদ আছে ৪০ টি, মন্দির আছে ০৮ টি, বৌদ্ধ মন্দির আছে ০২ টি।
- ধুলারসার ইউনিয়ন: ধুলাসার ইউনিয়নে মসজিদ আছে ২৩ টি, ০১ টি মন্দির আছে।
- মিঠাগঞ্জ ইউনিয়ন: মিঠাগঞ্জ ইউনিয়নে মন্দির আছে ০২ টি মসজিদ ২২ টি আছে।
- বালিয়াতলী ইউনিয়ন: বালিয়াতলী ইউনিয়নে মসজিদ আছে ২২ টি, ০২ টি মন্দির আছে।
- লালুয়া ইউনিয়ন: লালুয়া ইউনিয়নে মসজিদ আছে ২৬ টি, মন্দির ০১টি আছে।
- চম্পাপুর ইউনিয়ন: চম্পাপুর ইউনিয়নে মসজিদ আছে ২৭ টি, ০১ টি মন্দির আছে।
- ধানখালী ইউনিয়ন: ধানখালী ইউনিয়নে মসজিদ আছে ২৯ টি, মন্দির আছে ০১ টি।
- কুয়াকাটা পৌরসভা: কুয়াকাটায় পৌরসভা মসজিদ আছে ২৬ টি, মন্দির আছে ০৯ টি, বৌদ্ধ মন্দির আছে ০২ টি, ০১ টি গির্জা আছে।

**ধর্মীয় জমায়েত স্থান (ঈদগাঁহ) :** সমগ্র কলাপাড়া উপজেলাতে আনুমানিক ৩৫০টি ঈদগাঁহ ময়দান রয়েছে। এর মধ্যে সবচেয়ে বড় ঈদগাঁহ ময়দান কলাপাড়া কুয়াকাটা পৌরসভাতে অবস্থিত। অধিকাংশ ঈদগাঁহ মাঠ গুলো নিচু। অতি বৃষ্টি ও জোয়ারের কারনে মাঠগুলো তলিয়ে যায়।

- মহিপুর ইউনিয়ন: মহিপুর ইউনিয়নের ঈদগাঁহ ময়দান রয়েছে ২২ টি ।
- চাকামাইয়া ইউনিয়ন: চাকামাইয়া ইউনিয়নে ২৭ টি ঈদগাঁহ ময়দান আছে।
- টিয়াখালী ইউনিয়ন: টিয়াখালী ইউনিয়নের ঈদগাঁহ ময়দান ২৩ টি আছে।
- ডালবুগঞ্জ ইউনিয়ন: ডালবুগঞ্জ ইউনিয়নে ২১ টি ঈদগাঁহ ময়দান রয়েছে।
- লতাচাপলি ইউনিয়ন: লতাচাপলী ইউনিয়নে ৩৯ টি ঈদগাঁহ ময়দান আছে ।
- নীলগঞ্জ ইউনিয়ন: নীলগঞ্জে ইউনিয়ন ঈদগাঁহ ময়দান রয়েছে ৪১ টি ।
- কলাপাড়া পৌরসভা: কলাপাড়া পৌরসভায় ঈদগাঁহ ময়দান আছে ১৯ টি ।
- ধুলারসার ইউনিয়ন: ধুলাসার ইউনিয়নে ২১ টি ঈদগাঁহ ময়দান আছে ।
- মিঠাগঞ্জ ইউনিয়ন: মিঠাগঞ্জ ইউনিয়নে ঈদগাঁহ ময়দান ২০ টি আছে ।
- বালিয়াতলী ইউনিয়ন: বালিয়াতলী ইউনিয়নে ঈদগাঁহ ময়দান আছে ২৫ টি ।
- লালুয়া ইউনিয়ন: লালুয়া ইউনিয়নে ২৮ টি ঈদগাঁহ ময়দান আছে ।
- চম্পাপুর ইউনিয়ন: চম্পাপুর ইউনিয়নে ঈদগাঁহ ময়দান রয়েছে ২৩ টি ।
- ধানখালী ইউনিয়ন: ধানখালী ইউনিয়নে ১৯ টি ঈদগাঁহ ময়দান আছে ।
- কুয়াকাটা পৌরসভা: কুয়াকাটায় পৌরসভা ঈদগাঁহ ময়দান রয়েছে ২২ টি ।

**স্বাস্থ্য সেবা :** কলাপাড়া উপজেলায় সর্বমোট কমিউনিটি ক্লিনিক ২২ টি, হাসপাতাল ২ টি, ডায়াগনষ্টিক সেন্টার ০৬টি এবং ছোট বড় বেশ কিছু ফার্মেসী রয়েছে। এ সকল ফার্মেসীতে মেডিক্যাল প্রাকটিশোনাল এবং হাতুরে ডাক্তাদের মাধ্যমে চিকিৎসা সেবা পাওয়া যায়। অন্য দিকে কমিউনিটি ক্লিনিক ও হাঁসপাতালে রেজিষ্টার্ড ডাক্তার দ্বারা চিদিৎসা সেবা পরিচালিত হয়।

- মহিপুর ইউনিয়ন: মহিপুর ইউনিয়নের ছোট বড় বেশ কিছু ফার্মেসী রয়েছে এবং কমিউনিটি ক্লিনিক ০১ টি আছে।
- চাকামাইয়া ইউনিয়ন: চাকামাইয়া ইউনিয়নে কমিউনিটি ক্লিনিক ০১ টি এবং ছোট বড় বেশ কিছু ফার্মেসী রয়েছে ।
- টিয়াখালী ইউনিয়ন: টিয়াখালী ইউনিয়নের কমিউনিটি ক্লিনিক ০১ টি এবং ছোট বড় বেশ কিছু ফার্মেসী আছে ।
- ডালবুগঞ্জ ইউনিয়ন: ডালবুগঞ্জ ইউনিয়নে কমিউনিটি ক্লিনিক ০১ টি এবং ছোট বড় বেশ কিছু ফার্মেসী রয়েছে ।

- লতাচাপলি ইউনিয়ন: লতাচাপলী ইউনিয়নে ছোট বড় বেশ কিছু ফার্মেসী রয়েছে এবং কমিউনিটি ক্লিনিক ০২ টি।
- নীলগঞ্জ ইউনিয়ন: নীলগঞ্জে ইউনিয়ন কমিউনিটি ক্লিনিক ০৩ টি এবং ছোট বড় বেশ কিছু ফার্মেসী রয়েছে।
- কলাপাড়া পৌরসভা: কলাপাড়া পৌরসভায় কমিউনিটি ক্লিনিক ০২ টি, ডায়াগনষ্টিক সেন্টার ০৬ টি, হাসপাতাল ০১ টি, এবং ছোট বড় বেশ কিছু ফার্মেসী রয়েছে।
- ধুলারসার ইউনিয়ন: ধুলাসার ইউনিয়নে কমিউনিটি ক্লিনিক ০১ টি এবং ছোট বড় বেশ কিছু ফার্মেসী রয়েছে।
- মিঠাগঞ্জ ইউনিয়ন: মিঠাগঞ্জ ইউনিয়নে কমিউনিটি ক্লিনিক ০২ টি এবং ছোট বড় বেশ কিছু ফার্মেসী রয়েছে।
- বালিয়াতলী ইউনিয়ন: বালিয়াতলী ইউনিয়নে কমিউনিটি ক্লিনিক ০২ টি এবং ছোট বড় বেশ কিছু ফার্মেসী রয়েছে ।
- লালুয়া ইউনিয়ন: লালুয়া ইউনিয়নে কমিউনিটি ক্লিনিক ০২ টি এবং ছোট বড় বেশ কিছু ফার্মেসী রয়েছে ।
- চম্পাপুর ইউনিয়ন: চম্পাপুর ইউনিয়নে কমিউনিটি ক্লিনিক ০১ টি এবং ছোট বড় বেশ কিছু ফার্মেসী রয়েছে।
- ধানখালী ইউনিয়ন: ধানখালী ইউনিয়নে কমিউনিটি ক্লিনিক ০১টি এবং ছোট বড় বেশ কিছু ফার্মেসী রয়েছে।
- কুয়াকাটা পৌরসভা: কুয়াকাটায় পৌরসভা কমিউনিটি ক্লিনিক ০২ টি, হাসপাতাল ০১ টি, এবং ছোট বড় বেশ কিছু ফার্মেসী রয়েছে।

(**Source:**Upazila Health and Family Planning Department, Kalapara)

**ব্যাংক:** কলাপাড়া উপজেলা শহর ও কুয়াকাটায় অবস্থিত ০৯ টি ব্যাংক, এর মধ্যে ৫টি সরকারী ও ৪টি বেসরকারী ব্যাংক রয়েছে। ব্যাংক গুলো হচ্ছে অগ্রণী ব্যাংক, জনতা ব্যাংক, সোনালী ব্যাংক, কৃষি ব্যাংক, রুপালী ব্যাংক, ব্রাক ব্যাংক, শাহজালাল ইসলামী ব্যাংক, পূবালী ব্যাংক, উত্তরা ব্যাংক।

**পোস্ট অফিস:** ইউনিয়ন, পৌরসভা ও উপজেলা পর্যায়ে মোট ১৪ টি পোষ্ট অফিস আছে। এর মধ্যে কলাপাড়া ও কুয়াকাটা পৌরসভাতে অবস্থিত পোষ্ট অফিসের মাধ্যমে ভাল সেবা পাওয়া যায়।

- মহিপুর ইউনিয়ন: মহিপুর ইউনিয়নের ০১ টি পোষ্ট অফিস আছে।
- চাকামাইয়া ইউনিয়ন: চাকামাইয়া ইউনিয়নে ০১ টি পোষ্ট অফিস আছে ।
- টিয়াখালী ইউনিয়ন: টিয়াখালী ইউনিয়নের ০১ টি পোষ্ট অফিস আছে ।
- ডালবুগঞ্জ ইউনিয়ন: ডালবুগঞ্জ ইউনিয়নে ০১ টি পোষ্ট অফিস আছে ।

- লতাচাপলি ইউনিয়ন: লতাচাপলী ইউনিয়নে ০১ টি পোষ্ট অফিস আছে ।
- নীলগঞ্জ ইউনিয়ন: নীলগঞ্জে ইউনিয়ন ০১ টি পোষ্ট অফিস আছে ।
- কলাপাড়া পৌরসভা: কলাপাড়া পৌরসভায় ০১ টি পোষ্ট অফিস আছে ।
- ধুলারসার ইউনিয়ন: ধুলাসার ইউনিয়নে ০১ টি পোষ্ট অফিস আছে ।
- মিঠাগঞ্জ ইউনিয়ন: মিঠাগঞ্জ ইউনিয়নে ০১ টি পোষ্ট অফিস আছে ।
- বালিয়াতলী ইউনিয়ন: বালিয়াতলী ইউনিয়নে ০১ টি পোষ্ট অফিস আছে ।
- লালুয়া ইউনিয়ন: লালুয়া ইউনিয়নে ০১ টি পোষ্ট অফিস আছে ।
- চম্পাপুর ইউনিয়ন: চম্পাপুর ইউনিয়নে ০১ টি পোষ্ট অফিস আছে ।
- ধানখালী ইউনিয়ন: ধানখালী ইউনিয়নে ০১ টি পোষ্ট অফিস আছে ।
- কুয়াকাটা পৌরসভা: কুয়াকাটায় পৌরসভা ০১ টি পোষ্ট অফিস আছে ।

**ক্লাব/সাংস্কৃতিক কেন্দ্র:** সমগ্র কলাপাড়া উপজেলাতে ১৫টি সেচ্ছাসেবী প্রতিষ্ঠান রয়েছে।

- কুয়াকাটা পৌরসভা: কুয়াকাটায় পৌরসভা ০৫টি ক্লাব/ সাংস্কৃতিক কেন্দ্র আছে। এগুলো হলো:- কুয়াকাটা খেলাঘর, বন্ধু ব্লাড ডোনার ক্লাব, বাংলাদেশ নেভাল উইং, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি ইত্যাদি।
- কলাপাড়া পৌরসভা: কলাপাড়া পৌরসভায় মোট ১০টি ক্লাব/ সাংস্কৃতিক কেন্দ্র আছে। যেমন:- আন্ধার মানিক খেলাঘর, বন্ধন ব্লাড ডোনার ক্লাব, এতিমখানা ব্লাড ডোনার ক্লাব, যুব রেড ক্রিসেন্ট ইত্যাদি।

- **এনজিও/স্বেচ্ছাসেবী সংস্থা সমুহঃ** দুর্যোগ বিষয়ে কার্যরত উপজেলার এনজিও দের তালিকা নিম্নে দেওয়া হল।

| ক্রমিক নং | এনজিও | কি বিষয়ে তারা কাজ করে | উপকারভোগীর সংখ্যা | প্রকল্প গুলোর মেয়াদকাল |
|---|---|---|---|---|
| ১ | মুসলিম এইড | ১. স্কুল ভিত্তিক এস, এম, সি মিটিং।<br>২. বিদ্যালয়ের ছাত্র- ছাত্রীদের নিয়ে সচেতনতা সভা ও প্রশিক্ষন।<br>৩. দুর্যোগ বিষয়ক প্রশিক্ষন।<br>৪. দুর্যোগ বিষয়ক সচেতনতা ও সহনশীলতা বৃদ্ধি।<br>৫. ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি।<br>৬. টউগঙ্গ টতউগঙ্গ সভা।<br>৭. দুর্যোগ বিষয়ক মহড়া।<br>৮. জাতীয় দিবস উদ্যাপন। | ৩৩৫৭৬ | এপ্রিল ২০১৩ থেকে জানুয়ারি ২০১৬। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৯. স্কুল ভিত্তিক সুযোগ-সুবিধা বৃদ্ধি করা।<br>১০.উপজেলা ও জেলা পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন।<br>১১. আইজিএ<br>১২. কাজ ও প্রশিক্ষনের বিনিময়ে অর্থ<br>১৩. দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং প্রকল্প<br>১৪. দুর্যোগ পরবর্তী ইমারজেনন্সি সেবা প্রদান<br>১৫. ডিগ-এ-ওয়েল প্রকল্প | | |
| ২ | আভাস | ১. দুর্যোগ সচেতনতা সভা।<br>২. জলবায়ু পরিবর্তনে সচেতনতা বৃদ্ধি।<br>৩. মিষ্টি পানি সংরক্ষনে বাধ নির্মানে কৃষকদের সহায়তা।<br>৪. দুর্যোগ কালীন জরুরী সহায়তা।<br>৫. জাতীয় দিবস উদ্‌যাপন।<br>৬. মহাসেন ক্ষতিগ্রস্থদের জরুরী সহায়তা।<br>• ক্ষতিগ্রস্থ বসতবাড়ী পূন: নির্মান।<br>• ক্ষতিগ্রস্থ লেট্রিন পূন: নির্মান।<br>• ক্ষতিগ্রস্থ পুকুরে মাছের পোনা বিতরণ।<br>• ক্ষতিগ্রস্থদের ধান বীজ ও সবজী বীজ বিতরণ।<br>• ক্ষতিগ্রস্থ গভীর নলকুপ মেরামত। | ৪৯০ | এপ্রিল ২০১০ থেকে ডিসেম্বর ২০১৫। |
| ৩ | এক এইড | ১. দুর্যোগ বিষয়ক প্রশিক্ষন।<br>২. দুর্যোগ বিষয়ক সচেতনতা বৃদ্ধি।<br>৩. পূনর্বাসন ( পূর্বে ছিল )। | ৩৫০ | জানুয়ারি ২০০৮ থেকে জানুয়ারি ২০২০। |
| ৪ | প্রদীপ | ১. গ্রাম দূর্যোগ ব্যবস্থাপনা কমিটি।<br>২. ঈঈচ সভা।<br>৩. টচ্ টউগঈ সভা।<br>৪. মাধ্যমিক দ্যিালয়ের ছাত্র- ছাত্রীদের নিয়ে সচেতনতা সভা। | ৩৭৫০০ | জুন ২০১৩ থেকে মে ২০১৪। |
| ৫ | ওয়েভ ফাউন্ডেশন | ১. দুর্যোগ বিষয়ক প্রশিক্ষন।<br>২. দুর্যোগ বিষয়ক সচেতনতা বৃদ্ধি।<br>৩. ক্ষতিগ্রস্থ বসতবাড়ী পূন: নির্মান। | ১৫৯৮ | জুন ২০১০ থেকে জুন ২০১৬। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | জেজেএস | ১. দুর্যোগ বিষয়ক প্রশিক্ষন।<br>২. দুর্যোগ বিষয়ক সচেতনতা বৃদ্ধি।<br>৩. ক্ষতিগ্রস্থ বসতবাড়ী পূন: নির্মান।<br>৪. জেলেদের সহায়তা। | ৩২০০ | অক্টোবর ২০১৩ থেকে মার্চ ২০১৪। |
| ৭ | ওয়াল্ড কনসার্ন | ১. দুর্যোগ বিষয়ক প্রশিক্ষন।<br>২. দুর্যোগ বিষয়ক সচেতনতা বৃদ্ধি।।<br>৩. ক্ষতিগ্রস্থ বসতবাড়ী পূন: নির্মান। | ১৮৭৭৭ | জুলাই ২০১৩ থেকে ডিসেম্বর ২০১৬। |
| ৮ | পল্লী গন উন্নয়ন কেন্দ্র (পি.জে.উ.কে) | ১. দুর্যোগ বিষয়ক প্রশিক্ষন।<br>২. দুর্যোগ বিষয়ক সচেতনতা বৃদ্ধি। | ১৮৯০ | এপ্রিল ২০০৭ থেকে জানুয়ারি ২০২০। |
| ৯ | শীপ ট্রাস্ট | ১. গ্রাম দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি।<br>২. উঠান বৈঠক।<br>৩. টচ্ উগঈ প্রশিক্ষন।<br>৪. সাইক্লোন সেন্টার মেরামত/ নির্মান।<br>৫. রাস্তা, মাটির কিল্লা মেরামত।<br>৬. দুর্যোগ বিষয়ক মহড়া।<br>৭. জাতীয় দিবস উদ্‌যাপন। | ৩৭৫৫৫ | মে ২০১১ থেকে মার্চ ২০১৫। |
| ১০ | কোডেক | ১. দুর্যোগ বিষয়ক প্রশিক্ষন।<br>২. দুর্যোগ বিষয়ক সচেতনতা বৃদ্ধি।<br>৩. সচেতনতা বিষয়ক নাটক।<br>৪. জেলেদের তালিকা ও পরিচয় পত্র তৈরী। | ৩২৩৫ | নভেম্বর ২০১৩ থেকে এপ্রিল ২০১৪। |
| ১১ | কারিতাস | ১. গ্রামদুর্যোগ ব্যবস্থাপনা কমিটি।<br>২. উঠান বৈঠক।<br>৩. টচ্উগঈ প্রশিক্ষন।<br>৪. সাইক্লোন সেন্টার মেরামত/ নির্মান।<br>৫. রাস্তা, মাটির কিল্লা মেরামত।<br>৬. দুর্যোগ বিষয়ক মহড়া।<br>৭. জাতীয় দিবস উদ্‌যাপন। | ৩৮০০০ | মে ২০১১ থেকে মার্চ ২০১৫। |
| | | | | |

*(Source: Upazilla Parishad, Kalapara)*

- **খেলার মাঠ** - কলাপাড়া উপজেলার প্রতিটি ইউনিয়নের অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানেই কম বেশি খেলার মাঠ রয়েছে। তবে নির্দিষ্ট করে খেলার মাঠ সম্পর্কিত কোন তথ্য পাওয়া যায় নি। সরে জমিনে পর্যবেক্ষন করে দেখা গেছে যে এলাকার অধিকাংশ খেলার মাঠ নিচু। যে কারণে অল্প বৃষ্টিতে জলাবদ্ধতা সৃষ্টি করে।
- **কবরস্থান/ স্বশ্বানঘাট** -কলাপাড়া উপজেলাতে দুইটি কবরস্থান ও এক স্বশ্বানঘাট আছেএবং সে গুলো বন্যা লেভেলের উপরে অবস্থিত।
- **যোগাযোগ ও পরিবহনের মাধ্যম :** রিকশা, অটো, ইঞ্জিন ভ্যান, নছিমন, মটরসাইকেল, ভ্যান, পিক-আপ ভ্যান, বাস এবং নৌকার মাধ্যমে এই এলাকার মানুষ জেলার সাথে যোগাযোগ করে থাকে।

*(**Source:** Upazila Statistics Department, Kalapara.)*

- **বন ও বনায়ন:** বন বিভাগের আওতায় সরকারী সংরক্ষিত বনভূমি ১৬১৩. হেক্টর যাহা বর্তমানে জাতীয় উদ্যান হিসাবে ঘোষিত। বনবিবাগের আওতায় পানি উন্নয়ন বোর্ডের বেড়ী বাধের ধারে ১৬০.০ কি:মি: বনায়ন, সড়ক ও জন রাস্তার ধারে ১২.০ কি:মি:। সংযোগ সড়ক (LGED) সংলগ্ন বাগান ২০.০ কি:মি:। স্থানীয় সরকার কর্তৃক বা এনজিও কর্তৃক বাগানের তথ্য নাই। উক্ত বাগান সমুহে কেওড়া, ছৈলা, গোলপাতা, আকাশমনি, শিশু, চাম্বল, খৈয়া, বাবলা, মেহগনি, ঝাও, তেতুল, জাম, কৃষ্ণচূঁড়া, তুমা ইত্যাদি গাছ আছে।

(**Source:** Upazila Forest Department, Kalapara.)

## ১.৪.৩ আবহাওয়া ও জলবায়ু

কলাপাড়া উপজেলার আবহাওয়া ও জলবায়ুর অবস্থা নিম্নে দেওয়া হল:-

| মাস | গড় বৃষ্টিপাত | | | সর্বোচ্চ গড় তাপমাত্রা | | | সর্বনিম্ন গড় তাপমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ২০১৩ | ২০১২ | ২০১১ | ২০১৩ | ২০১৩ | ২০১৩ | ২০১৩ | ২০১২ | ২০১১ |
| ডিসেম্বর | শুন্য মি.মি | শুন্য মি.মি | শুন্য মি.মি | ১৫.২° প | ১৫.২° প | ১৫.২° প | ১৫.২° প | ১৩.৬°প | ১৪.৯° প |
| জানুয়ারী | শুন্য মি.মি | শুন্য মি.মি | শুন্য মি.মি | ১২.০° প | ১২.০° প | ১২.০° প | ১২.০° প | ১৪.০° প | ১২.০°প |
| ফেব্রুয়ারী | শুন্য মি.মি | শুন্য মি.মি | শুন্য মি.মি | ১৫.৫° প | ১৫.৫° প | ১৫.৫° প | ১৫.৫° প | ১৮.২°প | ১২.৮° প |
| | | | | | | | | | |
| **মার্চ** | শুন্য মি.মি | ০২ মি.মি | ০১ মি.মি | ৩৩.৬° প | ৩৩.১° প | ৩২.৩° প | ২১.৪° প | ২২.৪°প | ২০.৭° প |
| **এপ্রিল** | ০২মি.মি | ০২ মি.মি | ০৩ মি.মি | ৩৪.৪° প | ৩৪.০° প | ৩৩.১° প | ২৪.৫°প | ২৪.৭°প | ২৩.৯° প |
| **মে** | ২৩মি.মি | ০৩ ম.মি | ০৮ মি.মি | ৩২.১° প | ৩৫.০° প | ৩৩.০° প | ২৫.১° প | ২৬.৬°প | ২৫.১° প |
| | | | | | | | | | |
| **জুন** | ১৪মি.মি | ১৪ | ১৮মি.মি | ৩২.৫° | ৩৩.৩° | ৩১.৯° | ২৬.৫° | ২০.৮°প | ২৬.৩° |
| **জুলাই** | ২২মি.মি | ২১ | ২৬ | ৩১.৬° | ৩১.৬° | ৩১.৭° | ২৬.২° | ২৬.১° প | ২৬.০° |
